# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd


স্মারক নং- ঢাশিবো/বি/৯/ইংলিশ/৬৬৫ তারিখ: ২৬/০৭/২০২৬ খ্রি.

**বিষয়:** **বিদেশি কারিকুলাম-এ পরিচালিত Scholastica- এর নিবন্ধন নবায়ন প্রসঙ্গে।**

সূত্র: ১। পরিদর্শনকারী কর্মকর্তার ১৯/০১/২০২৬ তারিখে দাখিলকৃত প্রতিবেদন;
২। অধ্যক্ষের ২৯/০৬/২০২৬ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, স্কলাস্টিকা, প্লট# ২, সড়ক নং- ৮ ও ৯, সেক্টর নং- ০১, উত্তরা মডেল টাউন, ঢাকা- কে "রেজিস্ট্রেশন অব প্রাইভেট স্কুলস অর্ডিন্যান্স, ১৯৬২ (Ordinance No. XX of 1962)" এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত "বিদেশি কারিকুলাম-এ পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১৭ (এস.আর.ও নং- ১৭৩-আইন/২০১৭)" এর ধারা ৪ উপ-ধারা ২ এর বিধান মোতাবেক ০১-০১-২০২৬ তারিখ হতে আগামী ০৩ (তিন) বছরের জন্য O- Level ও A-Level পর্যায়ে নিবন্ধন নবায়নের অনুমতি প্রদান করা হলো।

**বিধিমালায় বর্ণিত শর্তসমূহ ছাড়াও উক্ত প্রতিষ্ঠানকে নিম্নোক্ত শর্তসমূহ পালন করতে হবে:**

১। শিক্ষা বোর্ড বা মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিত কোন ব্রাঞ্চ বা শাখা খোলা যাবে না;
২। বিধিমালার ৬(৪) ধারা মোতাবেক বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল করতে হবে;
৩। **প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশসহ বিধিমালার ১২ ধারা যথাযথ অনুসরণ করতে হবে।** শিক্ষক-কর্মচারী নিয়োগের পূর্বে নিয়োগ কমিটিতে বোর্ডের ০১জন প্রতিনিধি অর্ন্তভূক্তির লক্ষ্যে বোর্ডে আবেদন করতে হবে;
৪। উক্ত বিধিমালার ১৪ ধারা মোতাবেক প্রতিষ্ঠানের নামে ক্রয়কৃত জমির নামজারী এবং হালনাগাদ খাজনা রশিদ জমা দিতে হবে।
৫। উক্ত বিধিমালার ১৫ ধারা যথাযথভাবে অনুসরণ পূর্বক শ্রেণিভিত্তিক পাঠদান করতে হবে। পাঠদানের জন্য বাংলাদেশের ইতিহাস, সংস্কৃতি, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা-সার্বভৌমত্বের বিরোধী পাঠ্যপুস্তক নির্ধারণ করা যাবে না;
৬। বিধিমালার ১৯ ধারা অনুযায়ী টিউশন ফি, ভর্তি ফি, সেশন চার্জ ও অন্যান্য ফি সংক্রান্ত বিধি অনুসরণ করতে হবে। কোন অবস্থাতেই ভর্তির বিপরীতে বা পুনঃভর্তির নামে শিক্ষার্থীর কাছ থেকে বর্ধিত ফি বা অনুদান গ্রহণ করা যাবে না;
৭। বিধিমালার ২০(৩) ধারা অনুযায়ী সরকার অনুমোদিত অডিট ফার্ম দ্বারা বার্ষিক অডিট সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করতে হবে;
৮। বিদ্যালয়ের নামে সংরক্ষিত তহবিলে নূন্যতম ৫,০০,০০০/- এবং সাধারণ তহবিলে নূন্যতম ২,০০,০০০/- টাকার প্রমাণক আগামী ০৩(তিন) মাসের মধ্যে বোর্ডে জমা দিতে হবে। ব্যর্থতায় স্বয়ংক্রিয়ভাবে নিবন্ধন নবায়নের এ পত্র বাতিল বলে গণ্য হবে। উল্লেখ থাকে যে, কোনো অবস্থাতেই বোর্ডের পূর্বানুমতি ব্যতিরেকে এ অর্থ উত্তোলন করা যাবে না;
৯। সন্তোষজনক ফলাফল অর্জন করতে হবে এবং O-Level, A-Level স্তরের চূড়ান্ত ফলাফলের অনুলিপি জমা দিতে হবে;
১০। পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশ ও স্বাস্থ্যসম্মত টয়লেট সুবিধা নিশ্চিত করাসহ জাতিসংঘ শিশু অধিকার সনদ, ১৯৮৯ এর আলোকে শিশুদের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে;
১১। প্রতিষ্ঠানে প্রতিদিন যথানিয়মে জাতীয় পতাকা উত্তোলণ ও জাতীয় সঙ্গীত পরিবেশন করতে হবে;
১২। যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশের জাতীয় দিবস এবং সরকার কর্তৃক নির্দেশিত দিবসসমূহ পালন করতে হবে;
১৩। স্বতন্ত্র লাইব্রেরিতে ন্যূনতম ৪০০০টি বই এবং বিজ্ঞানাগারে পর্যাপ্ত সরঞ্জামাদি সংরক্ষণ করতে হবে;
১৪। শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার জন্য স্থানীয় সরকার কর্তৃপক্ষ এবং জেলা প্রশাসক-এর অনাপত্তিপত্র জমা দিতে হবে;
১৫। **প্রতিষ্ঠানের জন্য ভাড়াকৃত ভবনে এ প্রতিষ্ঠান ব্যতিত অন্য কোন কার্যক্রম বা অন্য কোন প্রতিষ্ঠান পরিচালনা করা যাবে না;**
১৬। নিবন্ধন নবায়নের মেয়াদ অতিক্রান্ত হওয়ার অন্যূন ৬০ দিন পূর্বে নির্ধারিত ফি জমা পূর্বক নিবন্ধনের আবেদন করতে হবে;
১৭। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ ০৫-০৬-২০১৭ তারিখে জারিকৃত বিধিমালার ২৩ উপবিধি অথবা ৬ উপ-বিধির অধীন রেজিস্ট্রেশন স্থগিতের ক্ষমতা সংরক্ষণ করে।

চেয়ারম্যানের আদেশক্রমে

*স্বাক্ষরিত/-*

**প্রফেসর ড. মোঃ মাসুদ রানা খান**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
☎ ০২-৫৮৬১০০৬৯
ই-মেইল: is@dhakaeducationboard.gov.bd

প্রাপক:
অধ্যক্ষ
স্কলাস্টিকা
প্লট নং-২, সড়ক নং- ৮ ও ৯, সেক্টর নং-৯, উত্তরা, ঢাকা- ১২৩০

মেমো নং- ৬৬৫(৭) তারিখ: ২৬/০৭/২০২৬ খ্রি.

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):**

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
৩। জেলা প্রশাসক, ঢাকা;
৪। কান্ট্রি ম্যানেজার, বাংলাদেশ ক্যামব্রিজ অ্যাসেসমেন্ট ইন্টারন্যাশনাল এডুকেশন, বাড়ি-৩১, রোড-৪, ব্লক-এফ, বনানী, ঢাকা-১২১৩;
৫। রিজিওনাল ডেভেলপমেন্ট ম্যানেজার,
পিয়ারসন এডেক্সেল (বাংলাদেশ ও নেপাল), AUGMEDIX ভবন, স্যুট- ৫০২ (লেভেল-৫), ১৭/সি পান্থপথ, ঢাকা;
৬। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
৭। পরিচালক/প্রতিষ্ঠাতা, স্কলাস্টিকা, প্লট ২, সড়ক ৮ ও ৯, সেক্টর ১, উত্তরা মডেল টাউন, ঢাকা- ১২৩০;
৮। অফিস কপি।

26.7.26
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা